দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09. JAN. 2018 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

# স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকদের অনশন আজ থেকে

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়করণের দাবিতে আজ মঙ্গলবার থেকে আমরণ অনশন শুরু করবেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। দাবি আদায়ে নতুন বছরের প্রথম দিন থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান করছেন তারা।

বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি সভাপতি কাজী রুহুল আমিন চৌধুরী বলেন, অবস্থান কর্মসূচির এক সপ্তাহ পরও সরকার থেকে কোনো সাড়া না পাওয়ায় মঙ্গলবার থেকে আমরা আমরণ অনশন শুরু করবো।

কাজী রুহুল আমিন চৌধুরী বলেন, মাস শেষ হলে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা ২২ থেকে ৩০ হাজার টাকা বেতন পান। কিন্তু আমরা মাস শেষে কোনো বেতন পাই না। তবুও তাদের মতো শিক্ষার্থীদের শিক্ষা দিয়ে যাই। আমরা মানবেতর জীবন যাপন করছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
..........................................

| | |
|---|---|
| ... পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর